# নাটমুড়া পুকুরিয়া উচ্চ বিদ্যালয়

বাঁশখালী, চট্টগ্রাম।

## বিজ্ঞপ্তি

তারিখ: ২৩ জুলাই ২০২১ ইং।
০৮ শ্রাবণ ১৪২৮ বাংলা।

বিষয় ঃ ২০২১ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট সম্পর্কিত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (এর প্রেরিত চিঠি, স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ).০০১.২০.২৯৪, তারিখ ১৮/০৭/২০২১ খ্রি:) ২০২১ ইং সালের এস.এস.সি পরীক্ষর্থীদের জন্য অ্যাসাইনমেন্ট প্রেরণ করেছে। উক্ত অ্যাসাইনমেন্ট আগামী ২৭/০৭/২০২১ ইং এস.এস.সি পরীক্ষার্থীর নিকট সরসরি বিদ্যালয়ে দেওয়ার সিদ্ধান্ত হয়েছিল। কিন্তু সরকারিভাবে ২৩/০৭/২০২১ ইং থেকে ০৫/০৮/২০২১ ইং পর্যন্ত কঠোর লকডাউন জারি হওয়ায় বিদ্যালয়ে সরাসরি অ্যাসাইনমেন্ট দেওয়া সম্ভব হবে না। পরীক্ষার্থীদের ভবিষ্যতের কথা চিন্তা করে অ্যাসাইনমেন্ট সমূহ গ্রুপ ভিত্তিক বিদ্যালয় ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সকল পরীক্ষার্থীকে নিজ-নিজ গ্রুপের অ্যাসাইনমেন্ট ডাউনলোড করে উত্তর লিখা শুরু করার জন্য নির্দেশ দেওয়া গেল। উল্লেখ্য যে যাদের স্মার্টফোন নেই তারা বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মোঃ সাখাওয়াত হোছাইন এর সাথে ফোনে যোগাযোগ করবে (ফোন নং ০১৮৭৯১৫১৮১০)। অ্যাসাইনমেন্ট সমূহ স্বহস্তে অফসেট পেপারে লিখার জন্য পরীক্ষার্থীদের পরামর্শ দেওয়া গেল। অ্যাসাইনমেন্ট সমূহ মূল্যায়ন পূর্বক শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে বিধায় যেন-তেন ভাবে না লিখে গুরুত্বসহকারে লেখার পরামর্শ দেওয়া গেল। আগামী ০৫/০৮/২০২১ ইং তারিখ প্রদত্ত অ্যাসাইনমেন্ট সমূহের উত্তর বিদ্যালয়ে জমা দিতে হবে। উক্তদিন অ্যাসাইনমেন্টের কভার পৃষ্ঠা বিদ্যালয় থেকে দেওয়া হবে এবং কভার পৃষ্ঠার প্রয়োজনীয় লেখা সমূহ শিক্ষকদের সহযোগিতায় পরীক্ষার্থীদের স্বহস্তে লেখানো হবে। আরো উল্লেখ করা যাচ্ছে যে, পরীক্ষার্থীদের সুবিধার জন্য অ্যাসাইনমেন্ট লেখার প্রয়োজনীয় নির্দেশনা সম্পর্কিত একটি ভিডিওক্লাস স্কুল পেইসবুক আইডিতে আপলোড করা হবে। উক্ত ক্লাসটি দেখে সেই মতে অ্যাসাইনমেন্ট লেখার পরামর্শ দেওয়া গেল।

বি:দ্র: আগামী ২৭/০৭/২০২১ ইং, মঙ্গলবার, ক্ষুদ্র পরিসরে অফিস খোলা রাখা হবে। কোন পরীক্ষার্থীর একান্ত কোন সমস্যা হলে সকাল ১০টা থেকে দুপুর ০১ টার মধ্যে অফিসে যোগাগোগ করতে পারবে।

সকল শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের সুস্বাস্থ্য কামনা করছি।

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)।

বিদ্যালয় ওয়েবসাইট থেকে অ্যাসাইনমেন্ট ডাউনলোড করার নিয়ম ঃ

# সার্চবারে/ গুগল সার্চবারে : natmuraphs.edu.bd লিখে ওয়েবসাইট ওপেন করতে হবে।

# ওয়েবসাইটের মেনুবারে Download গিয়ে সাবমেনুতে suggestion ক্লিক করলে বিভিন্ন গ্রুপের অ্যাসাইনমেন্ট দেখা যাবে। পছন্দের অ্যাসাইনমেন্টটি ক্লিক করে ডাউনলোড করা যাবে।

# ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান    বিষয় কোড: ১৪৬    স্তর: এসএসসি

<table>
<tr><th rowspan="3">অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায় শিরোনাম</th><th rowspan="3">অ্যাসাইনমেন্ট</th><th rowspan="3">শিখনফল/ বিষয়বস্তু</th><th rowspan="3">নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)</th><th colspan="6">মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th rowspan="3">মন্তব্য</th></tr>
<tr><th rowspan="2">নির্দেশক</th><th colspan="4">পারদর্শিতার মাত্রা /নম্বর</th><th rowspan="2">স্কোর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th></tr>
<tr><td rowspan="6">০১<br><br>দ্বিতীয় অধ্যায়: লেনদেন</td><td rowspan="6">ব্যবসায়িক লেনদেনের পরিচিতি<br><br><u>সহায়ক তথ্য</u><br>সাদাফ এন্টারপ্রাইজের মালিকের নিকট হতে ২০২০ সালের জুন মাসে জনাব সাদাফের নিকট হতে নিম্নোক্ত ঘটনাসমূহ জানা যায়:<br>জুন ১ মালিক নগদ ২০,০০০ টাকা ও ৩৫,০০০ টাকা আসবাবপত্র ব্যবসায় বিনিয়োগ করল।<br>জুন ৯ ভাড়া পরিশোধ ৮,০০০ টাকা।<br>জুন ১৩ মালিক ব্যক্তিগত সম্পদ বিক্রয় করে নিজে ব্যবহারের জন্য ৩০,০০০ টাকা দিয়ে একটি ল্যাপটপ কিনল।<br>জুন ২০ রাদিফ এন্ড সন্সের কাছ থেকে ধারে ক্রয় ৭,০০০ টাকা।<br>জুন ২৩ পাওনাদারকে পরিশোধ ৭,০০০ টাকা।<br>জুন ২৬ ৪,০০০ টাকার পণ্য বিক্রয়ের চুক্তি সম্পাদন হলো।<br>জুন ৩০ ১৮,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগ করা হলো।</td><td rowspan="6">• লেনদেনের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br><br>• লেনদেনের প্রকৃতি শনাক্ত করতে পারবে।<br><br>• হিসাব সমীকরণে ব্যবসায়িক লেনদেনের প্রভাব ব্যাখ্যা করতে পারবে।<br><br>• লেনদেনের সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি যথাযথভাবে প্রস্তুত করতে পারবে।</td><td rowspan="6">• সহায়ক তথ্য ভালোভাবে পড়ে নিতে হবে।<br><br>• লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য বর্ণনা করতে হবে।<br><br>• ঘটনা হতে লেনদেন চিহ্নিত করতে হবে।<br><br>• হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব বর্ণনা করতে হবে।<br><br>• সহায়ক তথ্য ব্যবহার করে লেনদেনের উৎস দলিল হিসেবে চালান প্রস্তুত করতে হবে।</td><td>ক) লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য</td><td>লেনদেনের ৬টি বৈশিষ্ট্য বর্ণনাসহ লিখলে</td><td>লেনদেনের কমপক্ষে ৪টি বৈশিষ্ট্য বর্ণনাসহ লিখলে</td><td>লেনদেনের কমপক্ষে ২টি বৈশিষ্ট্য বর্ণনাসহ লিখলে</td><td>লেনদেনের নুন্যতম ধারণা বা ১টি বৈশিষ্ট্য লিখলে</td><td></td><td rowspan="6"></td></tr>
<tr><td>খ) সকল ঘটনা লেনদেন তা কারণসহ ব্যাখ্য</td><td>৪ টি লেনদেন কারণসহ ব্যাখ্যা করতে পারলে</td><td>৩ টি লেনদেন কারণসহ ব্যাখ্যা করতে পারলে</td><td>২ টি লেনদেন কারণসহ ব্যাখ্যা করতে পারলে</td><td>১ টি লেনদেন কারণসহ ব্যাখ্যা করতে পারলে</td><td></td></tr>
<tr><td>গ) হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব</td><td>৪ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে</td><td>৩ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে</td><td>২ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে</td><td>১ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে</td><td></td></tr>
<tr><td>ঘ) জুন ২০ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুতকরণ</td><td>সঠিকভাবে চালান প্রস্তুত করে সকল তথ্য অন্তর্ভুক্ত করতে পারলে</td><td>চালানের ভিতর ১টি তথ্য ভুল হলে</td><td>চালানের ভিতর ২টি তথ্য ভুল হলে</td><td>চালানের ভিতর সর্বোচ্চ ৪টি তথ্য ভুল হলে</td><td></td></tr>
<tr><td colspan="5">মোট</td><td></td></tr>
<tr><td colspan="6">অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬</td></tr>
</table>

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩- ১৬ | অতি উত্তম |
| ১১- ১২ | উত্তম |
| ০৮- ১০ | ভালো |
| ০- ০৭ | অগ্রগতির প্রয়োজন |

# ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান | বিষয় কোড: ১৪৬ | স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায় শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স): নির্দেশক | পারদর্শিতার মাত্রা /নম্বর: ৪ | ৩ | ২ | ১ | স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০২<br>ষষ্ঠ অধ্যায়: জাবেদা | সাধারন জাবেদা<br>**সহায়ক তথ্য**<br>শামস ব্রাদার্স এর ২০২০ সালের জানুয়ারি মাসের কিছু লেনদেন তুলে ধরা হলো:<br>জানু ১ নগদ ৩০,০০০ টাকা, ৪০,০০০ টাকা ব্যাংক জমা ও ১৫,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় আরম্ভ করল।<br>জানু ৫ পণ্য বিক্রয় ২০,০০০ টাকা, যার ৪০% নগদে।<br>জানু ৭ ব্যাংক হতে উত্তোলন করা হলো ১২,০০০ টাকা।<br>জানু ১০ প্রচারণা বাবদ ব্যয় ৮,০০০ টাকা। | • জাবেদার ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>• জাবেদার শ্রেণিবিভাগ করতে পারবে।<br>• লেনদেনের সাধারন জাবেদা দাখিলা প্রদান করতে পারবে। | • সহায়ক তথ্য ভালোভাবে পড়ে নিতে হবে।<br>• জাবেদার ধারণাসহ গুরুত্ব বর্ণনা করতে হবে।<br>• বিশেষ ও প্রকৃত জাবেদার শ্রেণিবিভাগ বর্ণনা করতে হবে।<br>• সহায়ক তথ্য অনুসরন করে লেনদেনসমূহকে জাবেদাভুক্ত করতে হবে। | ক) জাবেদার ধারণা ও গুরুত্ব | সঠিকভাবে জাবেদার ধারণা ও গুরুত্বসমূহ বর্ণনা করলে | জাবেদার ধারণা ও অধিকাংশ গুরুত্ব বর্ণনা করলে | জাবেদার ধারণা ও নূন্যতম গুরুত্ব বর্ণনা করলে | জাবেদার ধারণা অথবা নূন্যতম গুরুত্ব লিখলে | | |
| | | | | খ) বিশেষ জাবেদার শ্রেণিবিভাগকরণ | সঠিকভাবে বিশেষ জাবেদায় শ্রেণিবিভাগ বর্ণনা করলে | বিশেষ জাবেদার যেকোন ৪টি শ্রেণির বর্ণনা করলে | বিশেষ জাবেদার যেকোন ৩টি শ্রেণির বর্ণনা করলে | বিশেষ জাবেদার যেকোন ২টি শ্রেণির নাম বা বর্ণনা করলে | | |
| | | | | গ) প্রকৃত জাবেদার শ্রেণিবিভাগকরণ | সঠিকভাবে প্রকৃত জাবেদায় শ্রেণিবিভাগ বর্ণনা করলে | প্রকৃত জাবেদার যেকোন ৩টি শ্রেণির বর্ণনা করলে | প্রকৃত জাবেদার যেকোন ২টি শ্রেণির বর্ণনা করলে | প্রকৃত জাবেদার যেকোন ১টি শ্রেণির নাম বা বর্ণনা করলে | | |
| | | | | ঘ) লেনদেনসমূহের জাবেদাভুক্তকরণ | যথাযথভাবে ৪ টি লেনদেন জাবেদাভুক্ত করলে | ৩ টি লেনদেন জাবেদাভুক্ত করলে | ২ টি লেনদেন জাবেদাভুক্ত করলে | ১ টি লেনদেন জাবেদাভুক্ত করলে | | |
| | | | | | | | | মোট নম্বর | | |
| | | | | অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬ | | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩- ১৬ | অতি উত্তম |
| ১১- ১২ | উত্তম |
| ০৮- ১০ | ভালো |
| ০- ০৭ | অগ্রগতির প্রয়োজন |

# ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ব্যবসায় উদ্যোগ | বিষয় কোড: ১৪৩ | স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১<br>প্রথম অধ্যায়: ব্যবসায় পরিচিতি | বাংলাদেশে ব্যবসায় সম্প্রসারণে ব্যবসায় পরিবেশের প্রভাব বিশ্লেষণ। | • ব্যবসায়ের ধারণা ব্যাখ্যা করতে পারবো<br>• ব্যবসায়ের প্রকারভেদ বর্ণনা করতে পারবো<br>• ব্যবসায়ের উপর প্রভাব বিস্তারকারী পরিবেশের উপাদানগুলো চিহ্নিত করতে পারবো। | • প্রয়োজনে এবং সম্ভব হলে শিক্ষক/ সহপাঠী/পরিচিত ব্যবসায়ী /পরিজনের কাছ থেকে (মোবাইল/ইন্টারনেটের সাহায্যে) ব্যবসায় পরিবেশ সংক্রান্ত অভিজ্ঞতা জেনে নেয়া যেতে পারে।<br>• ব্যবসায়ের ধারণা ব্যাখ্যা করতে হবে ।<br>• ব্যবসায়ের প্রকারভেদ ছকে প্রদর্শন করে ব্যাখ্যা করতে হবে ।<br>• ব্যবসায় পরিবেশ এর ধারণা ব্যাখ্যা করতে হবে ।<br>• বাংলাদেশে ব্যবসায়িক পরিবেশ এর উপাদানগুলি ব্যাখ্যা করতে হবে। | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) ব্যবসায়ের ধারণা | উদাহরণসহ ব্যবসায়ের ধারণা যথাযথভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ ব্যবসায়ের ধারণার অধিকাংশ ব্যাখ্যা করলে | ব্যবসায়ের ধারণার আংশিক ব্যাখ্যা করলে | শুধু ব্যবসায়ের সংজ্ঞা লিখলে | |
| খ) ব্যবসায়ের প্রকারভেদ | উদাহরণসহ ব্যবসায়ের প্রকারভেদ ছকে প্রদর্শনসহ শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার ব্যাখ্যা করলে | ব্যবসায়ের প্রকারভেদ ছকে প্রদর্শনসহ শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার উদাহরণ ছাড়া ব্যাখ্যা করলে | ব্যবসায়ের প্রকারভেদ ছকে প্রদর্শনসহ শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার মধ্যে যেকোনো দুটির ব্যাখ্যা করলে | শুধু ব্যবসায়ের প্রকারভেদ লিখলে | |
| গ) ব্যবসায় পরিবেশ এর ধারণা | উদাহরণসহ ব্যবসায় পরিবেশের ধারণা সঠিকভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ ব্যবসায় পরিবেশের ধারণার ব্যাখ্যা অধিকাংশ সঠিক হলে | উদাহরণসহ ব্যবসায় পরিবেশের ধারণার ব্যাখ্যা আংশিক সঠিক হলে | শুধু ব্যবসায় পরিবেশের সংজ্ঞা লিখলে | |
| ঘ) ব্যবসায় পরিবেশের উপাদান | ব্যবসায় পরিবেশের উপাদানগুলো যথাযথভাবে ছকে উপস্থাপন করলে | ব্যবসায় পরিবেশের উপাদানগুলো ধারাবাহিকভাবে ছকে উপস্থাপন না করলে | ব্যবসায় পরিবেশের উপাদানগুলো আংশিক ছকে উপস্থাপন করলে | শুধু ব্যবসায় পরিবেশের উপাদানগুলোর নাম লিখলে | |
| ঙ) বাংলাদেশে ব্যবসায়িক পরিবেশের প্রভাব | বাংলাদেশের ব্যবসায় বাণিজ্যের উপর প্রভাব বিস্তারকারী পরিবেশের ৪টি উপাদান উদাহরণসহ ব্যাখ্যা করলে | বাংলাদেশের ব্যবসায় বাণিজ্যের উপর প্রভাব বিস্তারকারী পরিবেশের ৩টি উপাদান উদাহরণসহ ব্যাখ্যা করলে | বাংলাদেশের ব্যবসায় বাণিজ্যের উপর প্রভাব বিস্তারকারী পরিবেশের ২টি উপাদান ব্যাখ্যা করলে | বাংলাদেশের ব্যবসায় বাণিজ্যের উপর প্রভাব বিস্তারকারী পরিবেশের ১টি উপাদান ব্যাখ্যা করলে | |
| | | | | মোট | |
| বরাদ্দকৃত নম্বর: ২০ | | | | | |

যথাযথ: ৮০-১০০% , অধিকাংশ: ৬০-৭৯% , আংশিক ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ব্যবসায় উদ্যোগ | বিষয় কোড: ১৪৩ | স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br>দ্বিতীয় অধ্যায়: ব্যবসায় উদ্যোগ ও উদ্যোক্তা | বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের ভূমিকা নিরূপণ | • উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের ধারণা ব্যাখ্যা করতে পারবো<br>• ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশ বর্ণনা করতে পারবো<br>• ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্য ও কার্যাবলি বর্ণনা করতে পারবো<br>• বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবো | • উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগ এর ধারণা দিতে হবে<br>• ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশের বর্ণনা দিতে হবে<br>• ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্য বর্ণনা করতে হবে<br>• আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের গুরুত্ব ব্যাখ্যা করতে হবে | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের ধারণা | উদাহরণসহ উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের ধারণা যথাযথভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের ধারণার ব্যাখ্যা অধিকাংশ সঠিক হলে | উদাহরণসহ উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের ধারণার ব্যাখ্যা আংশিক সঠিক হলে | শুধু উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের সংজ্ঞা লিখলে | |
| খ) ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশ | ব্যবসায়ের অনুকূল পরিবেশের ৬টি উপাদান যথাযথভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায়ের অনুকূল পরিবেশের ৫টি উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায়ের অনুকূল পরিবেশের ৪টি উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায়ের অনুকূল পরিবেশের (১-৩) টি উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | |
| গ) ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্য | ব্যবসায় উদ্যোগের ৮টি বৈশিষ্ট্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায় উদ্যোগের (৬-৭)টি বৈশিষ্ট্য সঠিকভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায় উদ্যোগের (৩-৫)টি বৈশিষ্ট্য ব্যাখ্যা করলে | ব্যবসায় উদ্যোগের (১-২)টি বৈশিষ্ট্য ব্যাখ্যা করলে | |
| ঘ) আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের গুরুত্ব | আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের ৪টি গুরুত্ব যথাযথভাবে ব্যাখ্যা করলে | আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের ৩টি গুরুত্ব সঠিকভাবে ব্যাখ্যা করলে | আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের ২টি গুরুত্ব সঠিকভাবে ব্যাখ্যা করলে | আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের ১টি গুরুত্ব ব্যাখ্যা করলে | |
| | | | | মোট | |
| বরাদ্দকৃত নম্বর:১৬ | | | | | |

যথাযথ: ৮০-১০০% , অধিকাংশ: ৬০-৭৯% , আংশিক ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০-০৭ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং | বিষয় কোড : ১৫২ | স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১<br>প্রথম অধ্যায়: অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন | আর্থিক ব্যবস্থাপকের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তাঁর অর্থায়ন ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান সহায়ক - বিষয়টির যৌক্তিকতা নিরূপণ | • অর্থায়নের সংজ্ঞা বর্ণনা করতে পারবে<br>• অর্থায়নের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে<br>• আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলি বর্ণনা করতে পারবে | অ্যাসাইনমেন্ট প্রণয়নে নিম্নোক্ত বিষয়গুলো ২৫০ শব্দের মধ্যে ধারাবাহিকভাবে বর্ণনাপূর্বক সম্পন্ন করতে হবে:<br>• অর্থায়নের ধারণা<br>• কারবারি অর্থায়নের গুরুত্ব<br>• আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলি :<br>(১) আয় সিদ্ধান্ত বা অর্থায়ন সিদ্ধান্ত<br>(২) ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্ত<br>(৩) অন্যান্য সিদ্ধান্ত | (নিচের রুব্রিক্স দেখুন) | |

মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক) অর্থায়নের ধারণা | উদাহরণসহ অর্থায়নের ধারণা যথাযথভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ অর্থায়নের ধারণা ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া অর্থায়নের ধারণা ব্যাখ্যা করলে | অর্থায়নের ধারণা আংশিকভাবে ব্যাখ্যা করলে | |
| কারবারি অর্থায়নের গুরুত্ব | অর্থায়নের ৪টি গুরুত্ব যথাযথভাবে ব্যাখ্যা করলে | অর্থায়নের ৩টি গুরুত্ব যথাযথভাবে ব্যাখ্যা করলে | অর্থায়নের ২টি গুরুত্ব ব্যাখ্যা করলে | অর্থায়নের ১টি গুরুত্ব ব্যাখ্যা করলে | |
| আয় সিদ্ধান্ত বা অর্থায়ন সিদ্ধান্ত | উদাহরণসহ আয় সিদ্ধান্ত যথাযথভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ আয় সিদ্ধান্তের ব্যাখ্যা প্রদান করলে | উদাহরণ ছাড়া আয় সিদ্ধান্তের ব্যাখ্যা প্রদান করলে | আয় সিদ্ধান্তের আংশিক ব্যাখ্যা করলে | |
| ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্ত | উদাহরণসহ ব্যয় সিদ্ধান্তের যথাযথ ব্যাখ্যা করলে | উদাহরণসহ ব্যয় সিদ্ধান্তের ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া ব্যয় সিদ্ধান্তের ব্যাখ্যা করলে | ব্যয় সিদ্ধান্তের আংশিক ব্যাখ্যা করলে | |
| অন্যান্য সিদ্ধান্ত | উদাহরণসহ অন্যান্য সিদ্ধান্তের যথাযথ ব্যাখ্যা করলে | উদাহরণসহ অন্যান্য সিদ্ধান্তের ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া অন্যান্য সিদ্ধান্তের ব্যাখ্যা করলে | অন্যান্য সিদ্ধান্তের আংশিক ব্যাখ্যা প্রদান করলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

যথাযথ- ৮০-১০০%, অধিকাংশ- ৭০-৭৯%, আংশিক- ৫০-৬৯%, যথাযথ হয়নি- ৪৯% এর নিচে

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬ - ২০ | অতি উত্তম |
| ১৪ - ১৫ | উত্তম |
| ১০ - ১৩ | ভালো |
| ০-৯ | অগ্রগতি প্রয়োজন |

২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স): নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর: ৪ | ৩ | ২ | ১ | স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২<br>তৃতীয় অধ্যায়: অর্থের সময় মূল্য | বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে অর্থের ভবিষ্যৎ মূল্যের ভূমিকা নিরূপণ | • অর্থের সময় মূল্যের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের মধ্যে সম্পর্ক নির্ণয় করতে পারবে<br>• অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করে বিনিয়োগ সিদ্ধান্ত নিতে পারবে | অ্যাসাইনমেন্ট প্রণয়নের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলোর যথাযথ ব্যাখ্যা ও নির্ধারিত সমস্যার যথাযথ সমাধান বিবেচনায় নিতে হবে -<br>• উদাহরণসহ অর্থের সময় মূল্যের ধারণার ব্যাখ্যা দিতে হবে<br>• উদাহরণসহ অর্থের ভবিষ্যৎ মূল্য ও বার্ষিক চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার ব্যাখ্যা করতে হবে<br>• উদাহরণসহ বছরে একাধিকবার চক্রবৃদ্ধিকরণের মাধ্যমে ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের প্রক্রিয়া ব্যাখ্যা<br>সমস্যা :<br>একজন চাকরিজীবী জমি বিক্রয় করে ১০ লক্ষ টাকা পেলেন। তিনি ৫ বছরের জন্য টাকাগুলো ২ টি ব্যাংকে রাখতে চান। একটি ব্যাংকে ৬ লক্ষ টাকা এবং অন্য ব্যাংকে ৪ লক্ষ টাকা রাখবেন। এজন্য X ও Y দুটি ব্যাংকে যোগাযোগ করলে X ব্যাংক ৯% চক্রবৃদ্ধি মুনাফা এবং Y ব্যাংক ৮.৫০% সাপ্তাহিক | অর্থের সময় মূল্যের ধারণা | উদাহরণসহ অর্থের সময় মূল্যের ধারণার যথাযথ ব্যাখ্যা করলে | উদাহরণসহ অর্থের সময় মূল্যের ধারণার ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া অর্থের সময় মূল্যের ধারণার ব্যাখ্যা করলে | অর্থের সময় মূল্যের ধারণা আংশিকভাবে ব্যাখ্যা করলে | | |
| | | | | অর্থের ভবিষ্যৎ মূল্য ও চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়া | উদাহরণসহ অর্থের ভবিষ্যৎ মূল্য ও চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার যথাযথ ব্যাখ্যা করলে | উদাহরণসহ অর্থের ভবিষ্যৎ মূল্য ও চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া অর্থের ভবিষ্যৎ মূল্য ও চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার ব্যাখ্যা করলে | অর্থের ভবিষ্যৎ মূল্য ও চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার আংশিক ব্যাখ্যা করলে | | |
| | | | | বার্ষিক চক্রবৃদ্ধিকরণ ও বছরে একাধিক চক্রবৃদ্ধিকরণ | উদাহরণসহ বার্ষিক চক্রবৃদ্ধিকরণ ও বছরে একাধিক চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার যথাযথ ব্যাখ্যা করলে | উদাহরণসহ বার্ষিক চক্রবৃদ্ধিকরণ ও বছরে একাধিক চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার ব্যাখ্যা করলে | উদাহরণ ছাড়া বার্ষিক চক্রবৃদ্ধিকরণ ও বছরে একাধিক চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার ব্যাখ্যা করলে | বার্ষিক চক্রবৃদ্ধিকরণ ও বছরে একাধিক চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ার আংশিক ব্যাখ্যা করলে | | |
| | | | | বার্ষিক চক্রবৃদ্ধিকরণ ও বছরে একাধিক চক্রবৃদ্ধিকরণ করে অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় | সমস্যার আলোকে যথাযথ প্রক্রিয়া অনুসরণ ও সূত্র প্রয়োগ করে সঠিক অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করলে | সমস্যার আলোকে যথাযথ সূত্র প্রয়োগ করে সঠিক অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করলে | সমস্যার আলোকে সূত্র প্রয়োগ করে অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করলে | সমস্যার আলোকে অর্থের ভবিষ্যৎ মূল্য আংশিক নির্ণয় করলে | | |
| | | | | বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ | গাণিতিক ফলাফল ও যথাযথ ব্যাখ্যাসহ সঠিক সিদ্ধান্ত গ্রহণ করলে | গাণিতিক ফলাফলের ভিত্তিতে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করলে | গাণিতিক ফলাফল এবং কোনো ব্যাখ্যা ছাড়া সঠিক সিদ্ধান্ত গ্রহণ করলে | গাণিতিক ফলাফল এবং কোনো ব্যাখ্যা ছাড়া ভুল সিদ্ধান্ত গ্রহণ করলে | | |
| | | | | | | | | মোট | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | চক্রবৃদ্ধি মুনাফা দিতে চায়। এমতাবস্থায় কোন ব্যাংকে কত টাকা রাখলে অধিক লাভবান হবেন তা নিয়ে তিনি সিদ্ধান্তহীনতায় ভুগছেন। তাঁর বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য তোমাকে যৌক্তিক পরামর্শ দিতে হবে। | অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর : ২০<br>যথাযথ- ৮০-১০০%, অধিকাংশ- ৭০-৭৯%, আংশিক- ৫০-৬৯%, যথাযথ হয়নি- ৪৯% এর নিচে | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬ - ২০ | অতি উত্তম |
| ১৪ - ১৫ | উত্তম |
| ১০ - ১৩ | ভালো |
| ০-৯ | অগ্রগতি প্রয়োজন |